লেন্স এশিয়া

৩১ জুলাই, ২০২৬

# রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে কক্সবাজার যাচ্ছেন সার্জিও গোর



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূত সার্জিও গোর রোহিঙ্গা শরণার্থী পরিস্থিতি পর্যবেক্ষণে শুক্রবার (৩১ জুলাই) কক্সবাজার সফরে যাচ্ছেন। ঢাকা থেকে সরাসরি কক্সবাজারে গিয়ে তিনি রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করবেন এবং শরণার্থীদের সার্বিক পরিস্থিতির খোঁজখবর নেবেন।

এর আগে বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে ঢাকায় পৌঁছে বিকেলে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেন সার্জিও গোর।

বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী জানান, বর্তমান সরকারের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক শুরু থেকেই ইতিবাচক এবং তা আরও জোরদার হচ্ছে। একই সঙ্গে রোহিঙ্গাদের জন্য যুক্তরাষ্ট্রের মানবিক সহায়তা বাড়ানোর অনুরোধও জানানো হয়েছে।

তিন দিনের সফরের অংশ হিসেবে শনিবার প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন সার্জিও গোর। এরপরই তার বাংলাদেশ সফর শেষ হবে।

LENS ASIA